গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাজেট/প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

**বিষয় : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) ৪র্থ ত্রৈমাসিকের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: আমিনুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

সভার স্থান ও মাধ্যম : সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও অনলাইন Zoom Platform
সভার তারিখ ও সময় : ১৮/০৬/২০২৩ খ্রিঃ; সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

**আলোচনা:**

সভাপতি মন্ত্রণালয়ের সভাকক্ষে ও অনলাইন Zoom Platform এ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় বলেন যে, বর্তমান সরকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগসমূহের কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও এর অন্তর্ভুক্ত বিভিন্ন কর্মপরিকল্পনার আলোকে জনগণকে সেবা প্রদানে কাঙ্খিত সাফল্য পরিলক্ষিত হচ্ছে। তিনি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এপিএ ফোকাল পয়েন্ট ও উপসচিব (বাজেট/প্রশাসন-২)-কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট/প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) ৩য় প্রান্তিকের (জানুয়ারি'২৩-মার্চ'২৩) অগ্রগতি প্রতিবেদন ১৩/০৪/২০২৩ খ্রি. তারিখ এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। এপিএ'র ৪র্থ প্রান্তিক (এপ্রিল'২৩-জুন'২৩) চলমান থাকায় কৌশলগত উদ্দেশ্যসহ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ যথা: শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহের সকল কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন এবং এ সংক্রান্ত প্রমাণক প্রস্তুত ও সংগ্রহের প্রক্রিয়া আলোচনা করার জন্য অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। মন্ত্রণালয়ের এপিএ'র সেকশন-৩ এ বর্ণিত কৌশলগত বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ যথাক্রমে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি এবং তিন পার্বত্য জেলা পরিষদের (বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) যে সকল কার্যক্রম নেয়া হয়েছে এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে মন্ত্রণালয়ের যে সকল শাখাকে দায়িত্ব প্রদান করা হয়েছে সে সকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**প্রশাসন অনুবিভাগ:**

**কৌশলগত উদ্দেশ্য:**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| | | অসাধারণ | | | |
| | | ১০০% | | | |
| ৩.১ পার্বত্য মেলা আয়োজন | ৩.১.১ পার্বত্য মেলা উদযাপন | ৩০/০৬/২০২৩ | ৩য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |
| ৩.২ বৈসাবি উদযাপন | ৩.২.১ উৎসব পালন | ১২/০৪/২০২৩ | ৪র্থ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | উৎসব পালনের বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করতে হবে। | উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৩ মন্ত্রণালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন | ৩.৩.১ উৎসব পালন | ১৭/০৭/২০২২ | ১ম ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |
| ৩.৪ পার্বত্য শান্তি চুক্তি দিবস উদযাপন | ৩.৪.১ উৎসব পালন | ০৭/১২/২০২২ | ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |
| ৫.৪ মন্ত্রণালয়ের কর্মচারীদের সমসাময়িক মৌলিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ৫.৪.১ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী | ৪২ | ১ম ত্রৈমাসিক সময়সীমায় মন্ত্রণালয়ের ৩৪ জন এবং ২য় ত্রৈমাসিক সময়সীমায় ০৯ জনসহ সর্বমোট ৪৩ জনকে মৌলিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| | | অসাধারণ | | | |
| | | ১০০% | | | |
| ৫.৫ 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র' নামে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন একটি সংযুক্ত দপ্তর গঠনসহ বিভিন্ন ক্যাটাগরির ৭১ (একাত্তর)টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ | ৫.৫.১ 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র' নামক সংযুক্ত দপ্তর গঠনসহ বিভিন্ন ক্যাটাগরির ৭১ (একাত্তর)টি পদ সৃজনের জন্য প্রেরিত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব | ৩০/০৬/২০২৩ | 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র' নামক সংযুক্ত দপ্তর গঠনসহ বিভিন্ন ক্যাটাগরির ৭১ (একাত্তর)টি পদ সৃজনের জন্য প্রেরিত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব গত ২০/০৯/২০২২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১ম ত্রৈমাসিক সময়সীমায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |

**<u>সমন্বয় অনুবিভাগ:</u>**

**<u>কৌশলগত উদ্দেশ্য:</u>**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| | | অসাধারণ | | | |
| | | ১০০% | | | |
| ৪.১ সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদার করণার্থে জি.আর বিতরণ | ৪.১.১ জি.আর (নগদ অর্থ) প্রাপ্ত উপকারভোগী | ২৫০০ | ১ম ত্রৈমাসিকে ৪২১ জন ও ২য় ত্রৈমাসিকে ১৪৪৫ জন এবং ৩য় ত্রৈমাসিকে ৭৭০ জনসহ সর্বমোট ২৬৩৬ জন উপকারভোগীর মাঝে জি.আর (নগদ অর্থ) বিতরণ করা হয়েছে। ৩য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| ৪.২ সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদার করণার্থে টি.আর (খাদ্যশস্য) বিতরণ | ৪.২.১ টি. আর (খাদ্যশস্য- চাল ও গম) প্রাপ্ত উপকারভোগী | ১৫০০০ | ২য় ত্রৈমাসিকে ১৩৫৮৫ জন ও ৩য় ত্রৈমাসিকে ১৮১৫ জনসহ সর্বমোট ১৫৪০০ জন উপকারভোগীর মাঝে টি. আর (খাদ্যশস্য) বিতরণ করা হয়েছে। ৩য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| ৪.৩ সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদার করণার্থে টি.আর/জি.আর এর মাধ্যমে গৃহীত স্কিম বাস্তবায়ন | ৪.৩.১ বাস্তবায়নকৃত সামাজিক নিরাপত্তা স্কিম | ২৭ | সামাজিক নিরাপত্তা বেষ্টনী জোরদার করণার্থে টি.আর/জি.আর এর মাধ্যমে ৩০টি স্কিম বাস্তবায়নের জন্য জি.ও জারি করা হয়েছে। ১ম ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য গত ১৫/০৩/২০২৩ তারিখ সমন্বয়-১ শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। ১০টি স্কিমের প্রতিবেদন পাওয়া গেছে। অবশিষ্ট ২০টি স্কিমের প্রতিবেদন পাওয়া যায় নাই। | অবশিষ্ট ২০টি স্কিমের প্রতিবেদন সংগ্রহ ও প্রস্তুতপূর্বক বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১) |
| ৪.৪ এনজিও কার্যক্রম পরিদর্শন | ৪.৪.১ পরিদর্শনকৃত এনজিও | ২০ | ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে ২০টি মধ্যে সর্বমোট ১৪টি এনজিও পরিদর্শন করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিক সময়সীমায় ২টি এনজিও পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০৪টি এনজিও পরিদর্শনপূর্বক এর প্রতিবেদন বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |

**<u>উন্নয়ন অনুবিভাগ:</u>**

**<u>কৌশলগত উদ্দেশ্য:</u>**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| | | অসাধারণ | | | |
| | | ১০০% | | | |
| ১.১ কফি ও কাজু বাদামের বাগান সৃজন | ১.১.১ সৃজিত বাগান | ১০০ | ১ম হতে ৩য় ত্রৈমাসিকে ১০০ একর এর মধ্যে ৬৩ একর কফি ও কাজু বাদাম বাগান সৃজন করা হয়েছে। | ৪র্থ ত্রৈমাসিকে ৩৭ একর কফি ও কাজু বাগান সৃজন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |
| | ১.১.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৪টি কফি ও কাজু বাদাম পরিদর্শন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ ১০০% | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১.২ সেচ নালা/বাঁধ নির্মাণ | ১.২.১ নির্মিত সেচ নালা/বাঁধ | ১৮০০ | ১ম ত্রৈমাসিক সময়সীমায় ৭৫০মি. এবং ২য় কোয়ার্টারে ১৬৮০ মি. সহ সর্বমোট ২৪৩০ মি. সেচ নালা/বাঁধ নির্মাণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ১.২.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় ০২টি সেচ নালা/বাঁধ এর কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০২টি কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৩ সুপেয় পানির সংকট দূরীকরণে গভীর নলকূপ/গ্র্যাভিটি ফ্লো সিস্টেম স্থাপন ও নিরাপদ পানি সরবরাহ | ১.৩.১ স্থাপিত নলকূপ/গ্র্যাভিটি ফ্লো সিস্টেম | ৪৫ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৪৫ অর্জন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড ও বা:পা:জে:পরিষদ |
| | ১.৩.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৩টি কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০১টি কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৪ ইক্ষু ও সাথী ফসলের প্রদর্শনী প্লট তৈরি | ১.৪.১ প্রস্তুতকৃত প্রদর্শনী প্লট | ২০০ | ২য় কোয়ার্টারে ২০০টি প্রদর্শনী প্লট তৈরি করা হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ১.৪.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০২টি ইক্ষু ও সাথী ফসলের প্রদর্শনী প্লট সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০২টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৫ গরিব ও প্রান্তিক কৃষকদের মধ্যে কৃষি উপকরণ বিতরণ | ১.৫.১ উপকারভোগী কৃষক | ৪০০ | লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জিভূত হওয়ায় গত ২১-২২ অর্থ বছরে ৩০০টি কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। ২২-২৩ অর্থ বছরে ২য় ত্রৈমাসিক সময়ে ১০৭টি কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। সর্বমোট ৪০৭টি উপকরণ দেয়া হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ১.৫.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০১টি পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০৩টি কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৬ ভিলেজ কমন ফরেস্ট | ১.৬.১ সংরক্ষিত ভিলেজ কমন ফরেস্ট | ৩৫ | লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জিভূত হওয়ায় গত ২১-২২ অর্থ বছরে ৩০টি ভিলেজ কমন ফরেস্ট সংরক্ষণ করা হয়েছে। ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৩৫ অর্জন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা খা:পা:জে:পরিষদ |
| | ১.৬.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় ০২টি ভিলেজ কমন ফরেস্ট সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০২টি কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৭ রাস্তা নির্মাণ | ১.৭.১ নির্মিত রাস্তা | ২৫ | ১ম ত্রৈমাসিকে ৭.০৫ কি.মি., ২য় ত্রৈমাসিকে ৬.৮ কি.মি. ৩য় ত্রৈমাসিকে ৫.৮৮ রাস্তাসহ সর্বমোট ১৯.৭৩ কি.মি. রাস্তা নির্মাণ করা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে অবশিষ্ট ৫.২৭ কি.মি. অর্জন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |
| | ১.৭.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় ০৪টি কার্যক্রম পরিদর্শন সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |
| ১.৮ ড্রেন/এল ড্রেন নির্মাণ | ১.৮.১ নির্মিত ড্রেন/এল ড্রেন | ১০০০ | ২য় কোয়ার্টারে ১১০০ মি. ড্রেন/এল ড্রেন নির্মাণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ১.৮.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় ০২টি কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। | অবশিষ্ট ০২টি কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ১.৯ পর্যটন স্পট উন্নয়ন | ১.৯.১ উন্নয়নকৃত পর্যটন স্পট | ৬ | লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জিভূত হওয়ায় ২১-২২ অর্থ বছরে ৩টি পর্যটন স্পট করা হয়েছে। ২২-২৩ অর্থ বছরে ৩য় ত্রৈমাসিক সময়ে ১টি স্পট উন্নয়ন সহ সর্বমোট ৪টি পর্যটন স্পট উন্নয়ন করা হয়েছে। | অবশিষ্ট ২টি পর্যটন স্পট উন্নয়ন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা, খা:পা:জে:পরিষদ ও বা:পা:জে:পরিষদ |
| | ১.৯.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০২টি পর্যটন স্পট উন্নয়ন সংক্রান্ত পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অবশিষ্ট ০২টি কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩<br>অসাধারণ<br>১০০% | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১.১০ কার্যক্রম পরিদর্শন | ১.১০.১ পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ১০০ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। অগ্রগতি প্রতিবেদন ১৫/০৬/২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য পরিকল্পনা-১/২ শাখায় ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে। | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় এবং ৪র্থ ত্রৈমাসিকের পরিদর্শন অগ্রগতি প্রতিবেদন ২৬/০৬/২০২৩ তারিখের মধ্যে বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করা হয়েছে। | উপসচিব (পরিকল্পনা-১/২) |
| ২.১ পাড়াকেন্দ্রের মাধ্যমে গর্ভবতী মা, শিশু ও কিশোরীদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান | ২.১.১ সেবা প্রাপ্ত পরিবার | ৩৩০০০ | ১ম কোয়ার্টারে ৮২৭২ জন, ২য় কোয়ার্টারে ৭৫৭৪ জন এবং ৩য় কোয়ার্টারে ১০০০০ জনসহ সর্বমোট ২৫৮৪৬ জনকে পাড়াকেন্দ্রের মাধ্যমে গর্ভবতী মা, শিশু ও কিশোরীদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান করা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে ৭১৫৪ জনকে সেবা প্রদান করতে হবে এবং প্রমাণক প্রস্তুত করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |
| | ২.১.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৩টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অবশিষ্ট ০১টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ২.২ প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম | ২.২.১ প্রাক-প্রাথমিক শিক্ষার্থী | ২৪৫০০ | ১ম ত্রৈমাসিকে ২৫০০০ জন শিক্ষার্থীকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ২.২.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৩টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অবশিষ্ট ০১টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ২.৩ ক্ষুদ্র নৃ-গোষ্ঠির জন্য আবাসিক বিদ্যালয়ের মাধ্যমে আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | ২.৩.১ নতুন ভর্তিকৃত শিক্ষার্থী | ৪৬০ | লক্ষ্যমাত্রা ক্রমপুঞ্জিভূত হওয়ায় ২১-২২ অর্থ বছরে ২৬০ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়েছিল। ২২-২৩ অর্থ বছরে ২০৮ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়েছে। সর্বমোট (২৬০+২০৮)=৪৬৮ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। ১ম ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |
| | ২.৩.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৩টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অবশিষ্ট ০১টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ২.৪ পাড়াকর্মীর মাধ্যমে কিশোর-কিশোরীদের/মায়েদের টিকা প্রদান বিষয়সহ অন্যান্য স্বাস্থ্য সচেতনতামূলক কার্যক্রম | ২.৪.১ স্বাস্থ্য সচেতনকৃত কিশোর-কিশোরী/মা | ৪০০০ | ১ম কোয়ার্টারে ২৩৬৩ জন, ২য় কোয়ার্টারে ৫৫৮ জন এবং ৩য় কোয়ার্টারে ৬০০ জনসহ সর্বমোট ৩৫২১ জন কিশোর-কিশোরী/মায়েদের স্বাস্থ্য সচেতন সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ত করা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে ৪৭৯ জনকে স্বাস্থ্য সচেতন সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে এবং প্রমাণক প্রস্তুত করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |
| | ২.৪.২ কার্যক্রম পরিদর্শন | ৪ | ৪র্থ ত্রৈমাসিকে মে মাস পর্যন্ত ০৩টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। | অবশিষ্ট ০১টি পরিদর্শন সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা, পাচবিম |
| ২.৫ কার্যক্রম পরিদর্শন | ২.৫.১ পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ১০০ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। অগ্রগতি প্রতিবেদন ১৫/০৬/২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য পরিকল্পনা-১/২ শাখায় ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে। | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় এবং ৪র্থ ত্রৈমাসিকের পরিদর্শন অগ্রগতি প্রতিবেদন ২৬/০৬/২০২৩ তারিখের মধ্যে বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করা হয়েছে। | উপসচিব (পরিকল্পনা-১/২) |
| ৩.৫ তিন পার্বত্য জেলার ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানে অনুদান প্রদান | ৩.৫.১ অনুদান প্রদানকৃত ক্রীড়া প্রতিষ্ঠান | ২৫ | ১ম ত্রৈমাসিকে ২৫টি ক্রীড়া প্রতিষ্ঠানে অনুদান প্রদান করা হয়েছে এবং লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। | -- | -- |
| | ৩.৫.২ অনুদান প্রদানকৃত সাংস্কৃতিক প্রতিষ্ঠান | ২৫ | ২য় কোয়ার্টারে ১১টি এবং ৩য় কোয়ার্টারে ১১টি সহ সর্বমোট ২২টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানে অনুদান প্রদান করা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে অবশিষ্ট ৩টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানে অনুদান প্রদান করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড ও বা:পা:জে:পরিষদ |
| ৪.৫ সোলার সিস্টেম বিতরণ | ৪.৫.১ সোলার সিস্টেম প্রাপ্ত পরিবার | ১০০০০ | ১ম ত্রৈমাসিকে ২১৬৬টি, ২য় ত্রৈমাসিকে ৩৩৪৮টি এবং ৩য় ত্রৈমাসিকে ৫০০০টি সহ সর্বমোট ১০৫১৪টি পরিবারের মধ্যে সোলার সিস্টেম বিতরণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | -- | -- |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ ১০০% | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ৪.৬ গাভী পালনে উদ্বুদ্ধকরণ | ৪.৬.১ বিতরণকৃত গাভী | ২০ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ২০ অর্জন করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা বা:পা:জে:পরিষদ |
| ৫.১ স্কুল ভবন সংস্কার | ৫.১.১ সংস্কারকৃত স্কুল ভবন | ১৬ | ৩য় ত্রৈমাসিকে ০৮টি স্কুল ভবন সংস্কার করা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে অবশিষ্ট ০৮টি স্কুল ভবন সংস্কার করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা, সকল সংস্থা |
| ৫.২ ছাত্রাবাস সংস্কার | ৫.২.১ সংস্কারকৃত ছাত্রাবাস | ৩ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ৩টি ছাত্রাবাস সংস্কার করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |
| ৫.৩ ছাত্র/ছাত্রী বৃত্তি প্রদান | ৫.৩.১ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী | ১৫০০ | ১ম হতে ৩য় ত্রৈমাসিক সময়সীমায় কোন অর্জন হয় নাই। | ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ১৫০০ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-১/২) ও সংশ্লিষ্ট কর্মকর্তা পা:চ:উ:বোর্ড |

২। সভাপতি সভায় জানান যে, মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নে মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সকলকে এক হয়ে কাজ করতে হবে। যেহেতু সংস্থাসমূহের এপিএ'র কার্যক্রম নিয়ে মন্ত্রণালয়ের এপিএ তৈরি করা হয়েছে সেহেতু সংস্থাসমূহের এপিএ'র লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হলে মন্ত্রণালয়ের অর্জন দৃশ্যমান হবে। যে কোন কার্যক্রম নির্ধারিত সময়ের অনেক পূর্বেই বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। বাস্তবায়ন শেষে প্রমাণক সংরক্ষণ করে নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আওতাধীন সংস্থাসমূহের প্রতিনিধিগণকে নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক. মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের জন্য যে সকল অধিশাখা/শাখাকে দায়িত্ব প্রদান করা হয়েছে সে সকল অধিশাখা/শাখা আগামী ০৫/০৭/২০২৩ তারিখের মধ্যে ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করবে।

খ. মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের এপিএ'র ৪র্থ কোয়ার্টার সমাপনান্তে এর অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রস্তুত করে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে আগামী ১৫/০৭/২০২৩ তারিখের মধ্যে দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

গ. মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে ২০২২-২৩ অর্থ বছরের এপিএ'র ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ঘ. এপিএ'র আওতাভুক্ত সংস্কারমূলক কার্যক্রম (জাতীয় শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা) বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত শাখাসমূহকে আগামী ০৫/০৭/২০২৩ তারিখের মধ্যে এর ৪র্থ ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ ও ৩য় ত্রৈমাসিকের প্রমাণক ০১ (এক) সেট বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।

ঙ. মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে এপিএ'র আওতাভুক্ত সংস্কারমূলক কার্যক্রমের (জাতীয় শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা) বার্ষিক প্রতিবেদন ০১ (এক) সেট প্রমাণকসহ আগামী ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের বাজেট/প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৬/২০২৩
(মো: আমিনুল ইসলাম)
অতিরিক্ত সচিব
ও
টিম লিডার, এপিএ টিম
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৮.০৫.০৩৭.২২-২৭৪ তারিখঃ ২৫/০৬/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
২। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি [দৃ:আ: এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট]।
৪। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি [দৃ:আ: এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট]।
৬। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান [দৃ:আ: এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট]।
৮। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১২। নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৩। সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ ২০২২-২৩ অর্থ বছরের এপিএ ও এর আওতাভুক্ত অন্যান্য কর্মপরিকল্পনাসমূহের সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ হালনাগাদ ও সংস্থাসমূহে ই-মেইল করার অনুরোধসহ)।
১৪। অফিস কপি।

(আবু রাফা মোহাম্মদ আরিফ)
উপসচিব
ফোনঃ ৫৫১০১৩২৭
Email: a.mochta@yahoo.com